গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের, কার্যালয়
কালীগঞ্জ, লালমনিরহাট
www.kaliganj.lalmonirhat.gov.bd

**বিষয় : কালীগঞ্জ উপজেলা পরিষদের সেপ্টেম্বর/২০২৫ মাসে অনুষ্ঠিত মাসিক সভার কার্যবিবরণী**

সভার নম্বর : ০৩
সভাপতি : মোছাঃ জাকিয়া সুলতানা, প্রশাসক, উপজেলা পরিষদ, কালীগঞ্জ, লালমনিরহাট।
সভার স্থান : উপজেলা পরিষদ সভা কক্ষ।
তারিখ : ৩০/০৯/২০২৫ খ্রি.
সভার সময় : সকাল ১১.৩০ ঘটিকা
উপস্থিতি : উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট- 'ক'-তে দেখানো হলো

সভাপতি সভার শুরুতে উপস্থিত সকল সদস্যকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন এবং গত মাসের সভার কার্যবিবরণী পাঠ করে শোনান এতে কোন সংশোধনী না থাকায় উহা সর্বসম্মতিক্রমে গৃহীত হয় এবং নিয়োক্তভাবে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রম.নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০১. | **প্রশাসক, উপজেলা পরিষদ :**<br><br>উপজেলা পরিষদ মাসিক সভার প্রস্তাবনা নিয়ে সভাপতি সকলকে যথাসময়ে সভায় উপস্থিত হওয়ার জন্য অনুরোধ জানান এবং প্রশাসক হিসেবে উপজেলা পরিষদের ন্যস্ত সকল কর্মকর্তাগণের সার্বিক সহযোগিতা কামনা করেন। | ১.১ প্রশাসক হিসেবে সকলের সহযোগিতা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয় | সংশ্লিষ্ট সকল |
| ০২. | **উপজেলা স্বাস্থ্য বিভাগ :**<br><br>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় বলেন, তার দপ্তরের ডাক্তারের মঞ্জুরীকৃত পদ ২৯টি, তন্মধ্যে কর্মরত পদ ০৯টি ও শুন্য পদ ২০টি। নার্সের মঞ্জুরীকৃত পদ ৩৯টি, তন্মধ্যে কর্মরত পদ ৩৮টি ও শুন্য পদ ০১টি। বহিঃবিভাগে রোগীর সংখ্যা- ৮৭৭০ জন, জরুরী বিভাগে রোগীর সংখ্যা- ৩৪৬৮ জন, অন্তঃ বিভাগে ভর্তিকৃত রোগীর সংখ্যা- ৯৪০ জন। মোট রোগীর সংখ্যা- ১৩,১৭৮ জন। আলট্রাসনোগ্রাম- নেই, ই,সি,জি সেবা প্রদান- ২৮ জন। প্যাথলজিক্যাল পরীক্ষা- ৫৪০ জন, স্বাভাবিক প্রসব সেবা- ৪৯ জন, সিজারিয়ান সংখ্যা-০৩ জন এক্স-রে পরীক্ষা- ২৯৮ জন, মেজর সার্জারী রোগীর সংখ্যা- ০৩ জন, মাইনর সার্জারী সংখ্যা- ৮২২ জন। এছাড়া বিভাগের অন্যান্য কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিকভাবে চলছে।<br>অত্র উপজেলার জন্ম নিবন্ধন কার্যক্রম গতিশীল করার লক্ষ্যে চলমান টাইফয়েড টীকার ১ম ডোজ সম্পন্ন হওয়ার পর ২য় ডোজ টীকা প্রদানের পূর্বে টীকা গ্রহণকারীর জন্ম নিবন্ধন সনদ বাধ্যতামূলক করার জন্য সকল টীকাদান কেন্দ্রে নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ জানানো হয়। | ২.১ উপজেলা স্বাস্থ্য বিভাগের কার্যক্রম আরও গতিশীল এবং সঠিক ভাবে পরিচালনা করার জন্য উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তাকে অনুরোধ করা হয়।<br><br>২.২ জন্ম নিবন্ধন কার্যক্রম গতিশীল করার লক্ষ্যে চলমান টাইফয়েড টীকার ১ম ডোজ সম্পন্ন হওয়ার পর ২য় ডোজ টীকা প্রদানের পূর্বে টীকা গ্রহণকারীর জন্ম নিবন্ধন সনদ বাধ্যতামূলক করার জন্য সকল টীকাদান কেন্দ্রে পত্র প্রদান ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা কালীগঞ্জ, লালমনিরহাট |

CamScanner

| ক্রম.নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০৩. | **উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ :**<br><br>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, কালীগঞ্জ, লালমনিরহাট সভায় সেপ্টেম্বর/২০২৫ খ্রিঃ মাসের অগ্রগতির প্রতিবেদন নিম্নরূপে উপস্থাপন করেন। (১) স্থায়ী পদ্ধতি: ক) পুরুষ/ মহিলা- নেই, (২) দীর্ঘমেয়াদী পদ্ধতি: ক) আইইউডি- ০২ জন, খ) ইমপ্লান্ট- নেই (৩) অস্থায়ী পদ্ধতি: ক) খাবার বড়ি সুখী বিতরণ- ৩১০ সাইকেল, খ) খাবার বড়ি আপন বিতরণ- ০২ সাইকেল, গ) কনডম- ৪৩২৬ পিস, ঘ) ইনজেকটেবল্স- ৯৮০ ভায়েল। (৪) মা ও শিশু স্বাস্থ্য কার্যক্রম: ক) গর্ভবতী মা এর সংখ্যা- ১৫২১ জন, খ) গর্ভবতী মা এর পরিচর্যা- ২০৯৪ জন, গ) নরমাল ডেলিভারী- ১৮৩ জন, ঘ) সিজারিয়ান- ৭৭ জন, (৫) পরিবার পরিকল্পনা কার্যক্রম: মোট সক্ষম দম্পতি : ৫৫,৬৪৩ জন, (৬) মোট পদ্ধতি গ্রহণকারী: ৪৩,৬৫৪ জন, (৭) পদ্ধতি গ্রহণকারীর হার (CAR): ৭৮.৪৫%। এছাড়া বিভাগীয় অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলছে। | ৩.১ উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগের কার্যক্রম সঠিকভাবে পরিচালনার জন্য উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা কালীগঞ্জ, লালমনিরহাট |
| ০৪. | **উপজেলা কৃষি বিভাগ :**<br><br>উপজেলা কৃষি অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট সভায় জানান যে, চলতি খরিপ-২ মৌসুমে কালীগঞ্জ উপজেলায় ১৭২৮০ হেক্টর জমিতে রোপা আমন ধান রোপন সম্পন্ন হয়েছে। রোপা আমন ধান রোগ ও পোকার আক্রমণ হতে রক্ষা কল্পে নিয়মিত মাঠ কৃষকদের পরামর্শ সহ বিভিন্ন কার্যক্রম বাস্তবায়ন চলমান রয়েছে। হাইব্রিড জাত ও উচ্চফলনশীল জাতের আবাদের মাধ্যমে উৎপাদন বৃদ্ধি করা হয়েছে। বর্তমান সরকারের পরিকল্পনা হলো আমদানি নির্ভরতা থেকে সরে আসা। চাহিদা মোতাবেক ধান উৎপাদন প্রত্যেক বছর খাদ্য নিরাপত্তা জন্য অতিরিক্ত ৭ লক্ষ মে.টন ধান আমদানি করতে হয়। বর্তমান সরকারের পরিকল্পনা হলো কোন পরিস্থিতিতে আবাদ কমানো না। আবাদ এরিয়া, উচ্চফলনশীল ধানের জাত ও হাইব্রিড জাতের আবাদের মাধ্যমে উৎপাদন বাড়াতে হবে। ধানের আবাদ এরিয়া ঠিক রেখে অন্য ফসল আবাদ করতে হবে। সরকার মহৎ উদ্দ্যোগে প্রণোদনা কর্মসূচির মাধ্যমে উন্নত উচ্চফলনশীল জাতের ধানের বীজ ও সার ক্ষুদ্র প্রান্তিক কৃষকের মাঝে সরবরাহ করা হয়েছে। যা উৎপাদন লক্ষ্যমাত্রা অর্জনে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। রোপা আমন ধানের আবাদ ও উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে প্রণোদনা কর্মসূচি/২০২৫-২৬ অর্থ বছরে উফশী ২৬৩০ জন ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকের মাঝে বিনামূল্যে বীজ ও সার বিতরণ সম্পন্ন হয়েছে। পেঁয়াজের ঘাটতি পূরণের প্রনোদনা কর্মসূচির আওতায় গ্রীষ্মকালীন পেঁয়াজ ১৭০ জন কৃষকের মাঝে বিনামূল্যে সার ও বীজ বিতরণ করা হয়েছে। ধানের জমি যাতে শাক-সবজি আবাদের আওতায় না আসে এ জন্য অনাবাদি পতিত জমিতে আবাদ করার জন্য গত বছর ৩২৪ টি পারিবারিক পুষ্টি বাগান স্থাপন করা হয়েছে। এ বছর অনাবাদি পতিত জমি ও বসতবাড়ির আঙ্গিনায় পারিবারিক পুষ্টি বাগান প্রকল্পের আওতায় ৮৭ টি পারিবারিক পুষ্টিবাগান স্থাপন করা | ৪.১ কৃষি বিভাগের কার্যক্রম আরও গতিশীল এবং সঠিক ভাবে পরিচালনা করার জন্য উপজেলা কৃষি কর্মকর্তা-কে অনুরোধ করা হয়। | উপজেলা কৃষি অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট |

| ক্রম.নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| | হয়েছে। ৩০৮ টি পারিবারিক পুষ্টি প্রদর্শনীতে পুনরায় উপকরণ বিতরণ করা হয়েছে। ১২০ জন কৃষকের মাঝে ৫ টি করে আম বিতরণ করা হয়েছে। বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে ৬০০০ টি নিম, কাঠাল, জাম ও বেলের চারা, ৩২০ টি তালের চারা ও ৬০০ নারিকেলের চারা বিতরণ করা হয়েছে। বন্যা ক্ষতিগ্রস্থ ১০ জন রোপা চাষীর মাঝে ধানের চারা বিতরণ করা হয়েছে। আসন্ন রবি মৌসুমে প্রণোদনা সঠিকভাবে বাস্তবায়নের লক্ষ্যে আগাম বরাদ্দ পাওয়া গিয়েছে। যার মধ্যে গম ১৮০ জন, সরিষা ৮৫০ জন, চিনাবাদাম ৮০ জন এবং পেঁয়াজ ৪০ জন কৃষক। উক্ত ফসলের সমূহের প্রণোদনা বাস্তবায়নে সর্বাধিক গুরুত্বদিয়ে কৃষক নির্বাচন করে অগ্রাধীকার তালিকা প্রণয়ন করা হবে। এ কার্যালয়ের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান আছে। | | |
| ০৫. | **উপজেলা প্রাণিসম্পদ বিভাগ:**<br><br>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, প্রাণিসম্পদ বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। দপ্তরের বহিঃ বিভাগের চিকিৎসা কার্যক্রম স্বাভাবিক চলছে। নিয়মিত খামার পরিদর্শন, উঠান বৈঠক ও নিয়মিত টিকাদান কার্যক্রম চলমান রয়েছে। এছাড়াও ভেটেনারি মেডিকেল টিমের মাধ্যমে জরুরী এলাকা ভিত্তিক চিকিৎসা কার্যক্রম পরিচালিত হচ্ছে। তরকা আক্রান্ত কোন পশু পাওয়া গেলে তাৎক্ষণিকভাবে অত্র দপ্তরকে অবহিত করার জন্য অনুরোধ করেন। যদিও এখন পর্যন্ত এই উপজেলায় কোন তড়কা রোগী সনাক্ত হয়নি। | ৫.১ উপজেলা প্রানিসম্পদ বিভাগের কার্যক্রম আরও গতিশীল করার জন্য উপজেলা প্রানিসম্পদ কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রানিসম্পদ কর্মকর্তা, কালীগঞ্জ, লালমনিরহাট |
| ০৬. | **উপজেলা মৎস্য বিভাগ :**<br><br>সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, কালীগঞ্জ, প্রধান প্রজনন মৌসুমে মা ইলিশ সংরক্ষণ কার্যক্রমের আওতায় আগামী ০৪ অক্টোবর ২০২৫ হতে ২৫ অক্টোবর ২০২৫ পর্যন্ত সারা দেশে ইলিশ মাছ পরিবহন, মজুদ, বাজারজাতকরণ, ক্রয়-বিক্রয় সম্পূর্ণরূপে নিষিদ্ধ। এরই ধারাবাহিকতায় কালীগঞ্জ উপজেলায় বিভিন্ন আড়ৎ, বাজারে সচেতনতা সভা ও প্রচার-প্রচারণা করা হয়েছে। তিনি মা ইলিশ সংরক্ষণে সকলের কাছে সহযোগিতা কামনা করেন। এছাড়াও দপ্তরের অন্যান্য কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিকভাবে চলছে। | ৬.১ উপজেলা মৎস্য বিভাগের কার্যক্রম আরও গতিশীল করার জন্য সিনিয়র উপজেলা মৎস্য অফিসারকে অনুরোধ করা হয়। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, কালীগঞ্জ, লালমনিরহাট |
| ০৭. | **উপজেলা প্রকৌশলীর বিভাগ :**<br><br>সভায় উপজেলা প্রকৌশলী জানান যে, ২০২৪-২০২৫ অর্থ বছরে এডিপি প্রকল্পের কাজ চলমান রয়েছে এবং কিছু প্রকল্পের কাজ চলমান থাকায় পে-অর্ডার করে রাখা হয়েছে। কাজ সমাপ্তের পর বিল পরিশোধ করা হবে। তিনি আরও বলেন যে, ২০২৫-২০২৬ অর্থ বছরে এডিপি প্রকল্প ও রাজস্ব প্রকল্প গ্রহণের জন্য অনুরোধ করেন এবং জরুরী কিছু প্রকল্পের তালিকা প্রস্তুত করে স্থানীয় সরকার বিভাগে চাহিদা প্রেরণের জন্য সভাপতি ও সকল সদস্যকে অনুরোধ করেন। এছাড়া বিভাগের অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | ৭.১ সভায় বিস্তারিত আলোচনান্তে ২০২৪-২০২৫ অর্থ বছরের এডিপি প্রকল্পের অসমাপ্ত কাজের বিল পে-অর্ডার করে রাখা এবং কাজ সমাপ্তের পর সংশ্লিষ্ট ঠিকাদারকে বিল প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়।<br>৭.২ সভায় ২০২৫-২০২৬ অর্থ বছরে প্রকল্প গ্রহণ ও জরুরী প্রকল্পের তালিকা স্থানীয় সরকার বিভাগে প্রেরণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা নির্বাহী অফিসার<br>ও<br>উপজেলা প্রকৌশলী কালীগঞ্জ, লালমনিরহাট |

CamScanner

| ক্র.নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০৮. | **উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগ:**<br><br>উপজেলা শিক্ষা অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট সভায় জানান যে, প্রাথমিক বৃত্তি পরীক্ষায় এ বছরে অত্র উপজেলার সকল প্রাথমিক বিদ্যালয়ের ৮৬৮ জন শিক্ষার্থী অংশগ্রহণ করবেন এবং বৃত্তি পরীক্ষার কেন্দ্র হিসেবে তুষভান্ডার আরএমএমপি সরকারি বালক উচ্চ বিদ্যালয় নির্বাচন করা হয়েছে। প্রাথমিক বিদ্যালয় স্কুল ফিডিং কার্যক্রমে বিশ্ব খাদ্য কর্মসূচী (WFP) কারিগরি সহযোগিতা প্রদান করছে এবং বিশ্ব খাদ্য কর্মসূচী (WFP) কর্তৃক বেইজলাইনসার্ভে চলমান রয়েছে। অত্র উপজেলার সকল সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ২য় প্রান্তিক মূল্যায়ন গত ১৯/০৮/২০২৫ হতে শুরু হয়েছে যা অদ্য ৩১/০৮/২০২৫ তারিখ শেষ হবে। ইউনিয়ন পরিষদের বরাদ্দ থেকে ঝুঁকিপূর্ণ বিদ্যালয়ে সাময়িক শ্রেণি কক্ষ নির্মার্ণ করা প্রয়োজন। স্কুল ফিডিং কার্যক্রমে ছাত্র-ছাত্রীদের টিফিন বক্স ও ওয়াটারপট বিতরণ করা প্রয়োজন। এছাড়াও তিনি সুন্দ্রাহবি নেসাবিয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের মাঠ ভরাট করার জন্য অনুরোধ জানান। | ৮.১ উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগের কার্যক্রম গতিশীল করার জন্য উপজেলা শিক্ষা অফিসার-কে অনুরোধ করা হয়।<br>৮.২ প্রাথমিক বৃত্তি পরীক্ষা সুষ্ঠুভাবে পরিচালনার জন্য পরীক্ষা সংশ্লিষ্ট সকলকে সহযোগিতা করা জন্য আহবান করা হয়।<br>৮.৩ স্কুল ফিডিং কার্যক্রমে ছাত্র-ছাত্রীদের টিফিন বক্স ও ওয়াটারপট ক্রয়ের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত | উপজেলা শিক্ষা অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট |
| ০৯. | **উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ :**<br><br>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট সভায় জানান যে, ৫২তম বাংলাদেশ জাতীয় স্কুল, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা গ্রীষ্মকালীন ক্রীড়া প্রতিযোগিতা/২০২৫ এর চ্যাম্পিয়ান কাকিনা ইউনিয়ন দল। শিক্ষা প্রতিষ্ঠানগুলিতে ইতিপূর্ব বছরগুলিতে ক্রীড়া সামগ্রী প্রদান করা হয়েছিল বিধায় প্রতিষ্ঠানগুলিতে ক্রীড়া সামগ্রী প্রদানের জন্য অনুরোধ জানানো হয়। এছাড়াও তিনি ৫২তম বাংলাদেশ জাতীয় স্কুল, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা গ্রীষ্মকালীন ক্রীড়া প্রতিযোগিতা/২০২৫ এর পুরস্কার ক্রয়ের ব্যয় নির্বাহের জন্য অনুরোধ জানান। | ৯.১- (ক) গ্রীষ্মকালীন ক্রীড়া প্রতিযোগিতা/২০২৫ এর পুরস্কার ক্রয়ের ব্যয় নির্বাহ করার সিদ্ধান্ত গৃহিত হয়।<br><br>৯.১- (খ) ক্রীড়া প্রতিযোগিতার জন্য শিক্ষা প্রতিষ্ঠানসমূহে ক্রীড়া সামগ্রী প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | ৯.১ (ক) উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট |
| ১০. | **উপজেলা মহিলা বিষয়ক বিভাগ :**<br><br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে,<br>০১। ভিডব্লিউবি চক্রঃ ভিডব্লিউবি ২০২৫-২০২৬ চক্রের (জুলাই/২০২৫ হতে জুন/২০২৭ পর্যন্ত) ০৮ টি ইউনিয়নের আওতায় বরাদ্দকৃত ২,১৩৬ জন উপকারভোগীদের সেপ্টেম্বর-২০২৫ মাসের খাদ্যশষ্য (চাল) এর বরাদ্দ আদেশ প্রদান করা হয়েছে।<br>০২। মা ও শিশু সহায়তা কর্মসূচিঃ অত্র উপজেলার ০৮ টি ইউনিয়নে ২০২৫-২০২৬ অর্থ বছরের সেপ্টেম্বর/২০২৫ মাসে ১০ জন উপকারভোগী হিসেবে ০৮ টি ইউনিয়নে সর্বমোট = ৮০ জন উপকারভোগীর নামের তালিকা অনুমোদন হয়েছে। ভাতা বিতরণ চলমান আছে।<br>০৩। প্রশিক্ষণ কর্মসূচিঃ অত্র কার্যালয়ে ২০২৫-২০২৬ অর্থ বছরের জুলাই/২০২৫ হতে সেপ্টেম্বর/২০২৫ পর্যন্ত ০৩ (তিন) মাস মেয়াদী WTC প্রশিক্ষণ কেন্দ্রে দর্জি বিজ্ঞান ট্রেডে ৩০ (ত্রিশ) জন প্রশিক্ষণার্থীর প্রশিক্ষণ কার্যক্রম চলমান আছে।<br>০৪। মহিলাদের আত্মকর্মসংস্থানের জন্য ক্ষুদ্রঋণ কার্যক্রমঃ মহিলাদের আত্মকর্মসংস্থানের জন্য ক্ষুদ্রঋণ কার্যক্রমের আওতায় ঋণের কিস্তি আদায় বাবদ আগস্ট/২০২৫ মাসে | ১০.১- উপজেলা মহিলা বিষয়ক বিভাগের কার্যক্রম গতিশীল করার জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা-কে অনুরোধ করা হয়। | ১০.১- উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, কালীগঞ্জ, লালমনিরহাট |

CamScanner

| ক্রম.নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| | মোট = ১৪৩৪/- টাকা জমা হয়েছে। জুলাই/২০২৫ মাসে ব্যাংক স্থিতির পরিমাণ= ৯২৮০২/২৬ টাকা।<br>০৫। কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পঃ অত্র কার্যালয়ের অধীনে ০৮টি ইউনিয়নে অবস্থিত ০৮ টি ক্লাবের ক্লাব প্রতি ২০ জন কিশোরী ও ১০ জন কিশোর সহ মোট ৩০ জন হিসেবে সর্বমোট ২৪০ জন কে সংগীত ও আবৃত্তি বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। ক্লাবে নাস্তা বিতরণ চলমান আছে। বর্তমানে ০৮ টি ক্লাবের কর্মরত জনবলের সংখ্যাঃ- (ক) জেন্ডার প্রোমোটার = ০২ জন, (খ) ক্লাব কো-অর্ডিনেটর = ০৮ জন, (গ) সংগীত শিক্ষক = ০৮ জন এবং (ঘ) আবৃত্তি শিক্ষক = ০৮ জন সহ সর্বমোট = ২৬ (ছাব্বিশ) জন।<br>০৬। মামলা সংক্রান্তঃ আগস্ট/২০২৫ মাসে জর্জ কোর্ট, লালমনিরহাট হতে নারী ও শিশু নির্যাতন বিষয়ে তদন্তকরণের জন্য অত্র কার্যালয়ে কোন মামলা জমা পরে নাই। তবে তদন্ত সাপেক্ষে পূর্বের ০২ টি মামলার প্রতিবেদন কোর্টে প্রেরণ করা হয়েছে। মামলা ০২টি তদন্তকরণ প্রক্রিয়াধীন। কার্যালয়টির ভবনের বারান্দার কাঠ ও টিন নস্ট হওয়ার কারণে মেরামতের অনুরোধ জানান। এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম সুষ্ঠভাবে চলছে। | | |
| ১১. | **উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ :**<br>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা কালীগঞ্জ, লালমনিরহাট সভায় জানান যে, অত্র দপ্তরের আওতায় ২০২৫-২০২৬ অর্থ বছরে ঋণ বিতরণ, পুঁজি গঠন ও ঋণ আদায়ের উঠান বৈঠক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। উদ্যোক্তা ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে । পল্লী উন্নয়ন দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | ১১.১ উপজেলা পল্লী উন্নয়ন বিভাগের কার্যক্রম আরও গতিশীল করার জন্য পল্লী উন্নয়ন কর্মকর্তা-কে অনুরোধ করা হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, কালীগঞ্জ, লালমনিরহাট |
| ১২. | **উপজেলা সমাজসেবা বিভাগ :**<br>সভায় উপজেলা সমাজসেবা অফিসার জানান যে, ৩৫ তম আর্ন্তজাতিক প্রবীণ দিবস এবার প্রথম উপজেলা পর্যায়ে পালিত হবে। এটি ১লা অক্টোবর পালনের কথা থাকলেও সরকারি ছুটির কারণে ৭ অক্টোবর ২০২৫ অনুষ্ঠিত হবে। শারদীয় দুর্গা উৎসব উপলক্ষে বিভিন্ন স্বেচ্ছাসেবী সংগঠন ও অফিসের কর্মকর্তা-কর্মচারীদের মাধ্যমে কন্ট্রোল রুম ও রোস্টার ডিউটির ব্যবস্থা করা হয়েছে। প্রতিবন্ধী শিক্ষার্থীদের শিক্ষায় উদ্বুদ্ধকরণের লক্ষ্যে শিক্ষা উপবৃত্তি কার্যক্রম পরিচালিত হচ্ছে। চলতি ২০২৫-২৬ অর্থ বছরে প্রতিবন্ধী ভাতা ও শিক্ষার্থী ভাতা কার্যক্রম ০১ অক্টোবর ২০২৫ হতে শুরু হবে। শারদীয় দুর্গা উৎসবের ছুটি শেষে স্কুল ও কলেজ পর্যায়ে জরিপ কার্যক্রম পরিচালিত হবে। এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিক গতিতে চলছে। | ১২.১ উপজেলা সমাজসেবা বিভাগের কার্যক্রম আরও গতিশীল করার জন্য উপজেলা সমাজসেবা কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, কালীগঞ্জ, লালমনিরহাট |
| ১৩. | **উপজেলা প্রকল্প বাস্তবায়ন দপ্তর (ত্রাণ শাখা) :**<br>সভায় উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান যে, ২০২৪-২৫ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিটা-কাবিখা) এবং গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) কর্মসূচির আওতায় ১ম ও ২য় ও ৩য় কিস্তির বরাদ্দের | ১৩.১ উপজেলা প্রকল্প বাস্তবায়ন দপ্তর (ত্রাণ শাখা) কার্যক্রম সঠিক ভাবে পরিচালনা করার জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা-কে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, কালীগঞ্জ, লালমনিরহাট |



CS CamScanner

| ক্রম.নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| | প্রকল্পের কাজ প্রায় ১০০% সমাপ্ত হয়েছে। ২০২৩-২০২৪ অর্থ বছর গ্রামীণ রাস্তায় ১৫ মিটার পর্যন্তসেতু/কালভার্ট নির্মাণ প্রকল্পের এ উপজেলার ৭টি ব্রীজ এর মধ্যে ৬টি ব্রীজ এর কাজ ১০০% সমাপ্ত হয়েছে এবং ১টি ব্রীজের কাজ জলাবদ্ধতার কারণে বন্ধ রয়েছে। ২০২৪-২৫ অর্থ বছর গ্রামীণ রাস্তায় হেরিং বন্ড (এইচবিবি) করণ প্রকল্পের ১০০০.০০ মিটার রাস্তার কাজ ১০০% সমাপ্ত হয়েছে।এছাড়া বিভাগের অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | | |
| ১৪. | **উপজেলা সমবায় বিভাগ:**<br>উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান যে, কালীগঞ্জ উপজেলা সমবায় বিভাগ কর্তৃক ৪টি আশ্রয়ণ এবং ৪টি আশ্রয়ণ (ফেইজ-২) প্রকল্পের ঋণ কার্যক্রম চলমান আছে। ৪টি আশ্রয়ণ প্রকল্পের মধ্যে কাশিরাম, ভোটমারী ১নং এবং ভোটমারী-২নং আশ্রয়ণ প্রকল্প সম্পূর্ণ রূপে নদীগর্ভে বিলীন হয়ে গেছে এবং বোতলা আশ্রয়ণ ও উত্তর বালাপাড়া আশ্রয়ণ ফেইজ-২ প্রকল্পের ব্যারাক ঘরগুলোর নতুন করে বরাদ্দ প্রদান করা হয়েছে এতে প্রায় ৫০% ঋণী সদস্য নতুন ঘর বরাদ্দ না পাওয়ার ফলে সব প্রকল্পে আদায় হচ্ছে না। আশ্রয়ণ (ফেইজ-২) প্রকল্পের আওতায় চলমান প্রকল্প গুলো হলো (১) উত্তর বালাপাড়া, (২) উত্তর দলগ্রাম কালভৈরব, (৩) উত্তর দলগ্রাম বড়দিঘীরপাড় এবং (৪) মহিষামুড়ি আশ্রয়ণ (ফেইজ-২) প্রকল্প। ০৪টি আশ্রয়ণ (ফেইজ-২) প্রকল্পের মোট ৩৪০টি পরিবার পূর্ণবাসিত হয়েছে। উক্ত পূর্ণবাসিত পরিবারের মধ্যে জুন/২৫ খ্রি: মাস পর্যন্ত মোট ৩৮,৯৭,০০০/- টাকা ঋণ প্রদান করা হয়েছে। উক্ত ঋণের মধ্যে জুন/২৫ মাস পর্যন্ত মোট ২০,৫৪,৬৫৮/- টাকা আসল এবং ১,৬১,৭৭৯/- টাকা সার্ভিস চার্জ আদায় করা হয়েছে। উক্ত সার্ভিস চার্জ এর মধ্যে ৩% হিসেবে আশ্রয়ণ প্রকল্পে ৫৪,৯৩০/- প্রেরণ করা হয়েছে। অত্র কার্যালয়ে ২০২৪-২০২৫ খ্রি: সালের আওতাধীন ৭৫টি প্রাথমিক সমিতির অডিট বরাদ্দ হয়েছে। অডিট বরাদ্দকৃত সমিতির গুলোর বর্তমান শেয়ার মুলধন ৭০,৭৩,২৪৫/- টাকা, সঞ্চয় আমানত- ৪,৯৭,৯০,৯৮৭/- টাকা, কার্যকরী মুলধন- ১০,৯২,৪৬,০৭৮/- টাকা। ২০২৩-২০২৪ সালের সম্পাদনকৃত অডিটের প্রেক্ষিতে অডিট ফি বাবদ প্রাথমিক সমিতির ১১,৩৬০/- টাকা এবং সমবায় উন্নয়ন তহবিল বাবদ প্রাথমিক সমিতির ২২,৭২৫/- টাকা ও ভ্যাট বাবদ প্রাথমিক সমিতির ১,৭০৪/- টাকা আদায় করে সরকারি কোষাগারে জমা করা হয়েছে।<br>তাছাড়া অত্র উপজেলাতে নতুন করে আশ্রয়ণ-২, প্রকল্পের আওতায় ১২ টি আশ্রয়ণ (১) সুকানদিঘী আশ্রয়ণ-২ প্রকল্প (২) কাকিনা রাজবাড়ী আশ্রয়ণ-২ প্রকল্প (৩) মহিষামুড়ি আশ্রয়ণ-২ প্রকল্প (৪) চলবলা মদনপুর বিধবার মাল্লি আশ্রয়ণ-২ প্রকল্প (৫) চলবলা মদনপুর হাড়িশ্বর আশ্রয়ণ-২ প্রকল্প (৬) বান্দেরকুড়া কাচারি বাজার আশ্রয়ণ-২ প্রকল্প (৭) উত্তর বালাপাড়া আবাসন-২ প্রকল্প (৮) উত্তর বালাপাড়া আশ্রয়ণ-২ প্রকল্প (৯) শ্রীখাতা আশ্রয়ণ-২ প্রকল্প (১০) বৈরাতী আশ্রয়ণ-২ প্রকল্প (১১)শুতিধর উজ্জলপাড়া আশ্রয়ণ-২ প্রকল্প (১২) কাশীরাম আশ্রয়ণ-২ প্রকল্প সমূহের নিবন্ধন কার্যক্রম সম্পন্ন হয়েছে। এছাড়া বিভাগের অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | ১৪.১ উপজেলা সমবায় বিভাগের কার্যক্রম সঠিকভাবে তদারকি করার জন্য উপজেলা সমবায় অফিসার-কে অনুরোধ করা হয় | উপজেলা সমবায় অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট |

CamScanner

| ক্রম.নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ১৫. | **উপজেলা যুব উন্নয়ন অফিস:**<br>সভায় উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা অনুপস্থিত থাকায় তার বিভাগের কার্যক্রম সম্পর্কে কিছু জানা গেলো না। | ১৫.১ আগামী সভায় উপস্থিত থাকার জন্য উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা-কে অনুরোধ করা হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, কালীগঞ্জ, |
| ১৬. | **উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তর**<br><br>উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় বলেন, সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় ২০২৪-২৫ অর্থ বছরে অত্র উপজেলায় বরাদ্দপ্রাপ্ত ৯৬টি অগভীর হস্তচালিত নলকূপ স্থাপনের কাজ চলমান রয়েছে। ১৫টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ওয়াশব্লক নির্মাণ কাজ চলমান রয়েছে। এছাড়াও জরুরী ভিত্তিতে বন্যামোকাবেলার জন্য অত্র দপ্তরে ২০,০০০/- (বিশ হাজার) টি পানি বিশুদ্ধকরণ ট্যাবলেট মজুদ আছে। উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/প্যানেল চেয়ারম্যান (সকল) এর নিকট গভীর নলকূপ স্থাপনের জন্য চাহিদা প্রেরণ করার অনুরোধ জানান। এছাড়া বিভাগের অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | ১৬.১ উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তরের কার্যক্রম সঠিকভাবে পরিচালনা করার জন্য উপ-সহকারী প্রকৌশলীকে পরামর্শ প্রদান করা হয়।<br>১৬.২ ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/প্যানেল চেয়ারম্যান (সকল)কে গভীর নলকূপ স্থাপনের জন্য চাহিদা প্রেরণের অনুরোধ জানানো হয়। | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য অধিদপ্তর, কালীগঞ্জ, লালমনিরহাট |
| ১৭. | **বন বিভাগ:**<br><br>ফরেস্টার, উপজেলা বনায়ন ও নার্সারী কেন্দ্র সভায় জানান যে, তাঁর বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। এছাড়াও তিনি ভারপ্রাপ্ত কর্মকর্তার অফিস ও বাথরুম মেরামত করার অনুরোধ জানান। | ১৭.১ উপজেলা বনায়ন ও নার্সারী বিভাগের কার্যক্রম সঠিক ভাবে পরিচালনার করার জন্য বলা হলো। | ফরেস্টার, কালীগঞ্জ, লালমনিরহাট |
| ১৮. | **বিবিধ আলোচনা :**<br><br>১৮.১ চলতি মাসে জনাব মোছাঃ নুরন্নাহার বেগম, উত্তরঘনেশ্যাম, তুষভান্ডার কালীগঞ্জ, লালমনিরহাটকে মেয়ের বিয়ের জন্য ৫,০০০/- টাকা আর্থিক সহায়তা প্রদান করা হয়েছে।<br>১৮.২ চলতি মাসে জনাব শাহার আলী (পাগল), চাপারহাট, কালীগঞ্জ, লালমনিরহাটকে চিকিৎসার জন্য ৫,০০০/- টাকা আর্থিক সহায়তা প্রদান করা হয়েছে।<br>১৮.৩ চলতি মাসে জনাব মোছাঃ হাছিনা বেগম, শ্রুতিধর, চৌধুরীরহাট, কালীগঞ্জ, লালমনিরহাটকে চিকিৎসার জন্য ৫,০০০/- টাকা আর্থিক সহায়তা প্রদান করা হয়েছে।<br>১৮.৪ চলতি মাসে জনাব মাসুদ রানা, চন্দ্রপুর, কালীগঞ্জ, লালমনিরহাটকে বিশ্ববিদ্যালয়ে ভর্তির জন্য ১০,০০০/- টাকা আর্থিক সহায়তা প্রদান করা হয়েছে।<br>১৮.৫ চলতি মাসে জনাব মোছাঃ মিস্টি বেগম,উত্তর দলগ্রাম কালীগঞ্জ, লালমনিরহাটকে লেখাপড়ার জন্য ৫,০০০/- টাকা আর্থিক সহায়তা প্রদান করা হয়েছে।<br>১৮.৬ চলতি মাসে জনাব মোঃ মাহির উদ্দিন, কাশীরাম, করিমপুর কালীগঞ্জ, লালমনিরহাটকে মেয়ের বিয়ের জন্য ৫,০০০/- টাকা আর্থিক সহায়তা প্রদান করা হয়েছে।<br>১৮.৭ চলতি মাসে জনাব মোঃ মজিবর রহমান, উত্তর ঘণেশ্যাম, ভোটমারী, কালীগঞ্জ, লালমনিরহাটকে চিকিৎসার জন্য ৫,০০০/- টাকা আর্থিক সহায়তা প্রদান করা হয়েছে। | ১৮.১ চলতি মাসে জনাব মোছাঃ নুরন্নাহার বেগম, উত্তরঘনেশ্যাম, তুষভান্ডার কালীগঞ্জ, লালমনিরহাটকে মেয়ের বিয়ের জন্য ৫,০০০/- টাকা পরিশোধ করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>১৮.২ চলতি মাসে জনাব শাহার আলী (পাগল),চাপারহাট, কালীগঞ্জ, লালমনিরহাটকে চিকিৎসার জন্য ৫,০০০/- টাকা পরিশোধ করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>১৮.৩ চলতি মাসে জনাব মোছাঃ হাছিনা বেগম, শ্রুতিধর, চৌধুরীরহাট, কালীগঞ্জ, লালমনিরহাটকে চিকিৎসার জন্য ৫,০০০/- টাকা পরিশোধ করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>১৮.৪ চলতি মাসে জনাব মাসুদ রানা, চন্দ্রপুর, কালীগঞ্জ, লালমনিরহাটকে বিশ্ববিদ্যালয়ে ভর্তির জন্য ১০,০০০/- টাকা পরিশোধ করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>১৮.৫ চলতি মাসে জনাব মোছাঃ মিস্টি বেগম,উত্তরদলগ্রাম,কালীগঞ্জ, লালমনিরহাটকে লেখাপড়ার জন্য ৫,০০০/- টাকা পরিশোধ করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>১৮.৬ চলতি মাসে জনাব মোঃ মাহির উদ্দিন, কাশীরাম, করিমপুর, কালীগঞ্জ, লালমনিরহাটকে মেয়ের বিয়ের জন্য ৫,০০০/- টাকা পরিশোধ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট। |

CamScanner

| ক্রম.নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| | ১৮.৮ চলতি মাসে জনাব মোঃ মোখলেছুর রহমান টুকু, স্টাফ রিপোর্টার যুগের আলো, মেহের নগর, কালীগঞ্জ, লালমনিরহাটকে চিকিৎসার জন্য ২০,০০০/- টাকা আর্থিক সহায়তা প্রদান করা হয়েছে।<br>১৮.৯ উপজেলা পরিষদ এর আনুষাঙ্গিক খাতের ৫,০০০/- টাকার বিল পরিশোধ করা প্রয়োজন। | ১৮.৭ চলতি মাসে জনাব মোঃ মজিবর রহমান, উত্তর ঘনেশ্যাম, ভোটমারী, কালীগঞ্জ, লালমনিরহাটকে চিকিৎসার জন্য ৫,০০০/- টাকা আর্থিক সহায়তা পরিশোধ করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>১৮.৮ চলতি মাসে জনাব মোঃ মোখলেছুর রহমান টুকু, স্টাফ রিপোর্টার যুগের আলো, মেহের নগর, কালীগঞ্জ, লালমনিরহাটকে চিকিৎসার জন্য ২০,০০০/- টাকা আর্থিক সহায়তা পরিশোধ করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>১৮.৯ উপজেলা পরিষদ এর আনুষাঙ্গিক খাতের ৫,০০০/- টাকার বিল পরিশোধ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট।<br>ও<br>উপজেলা প্রকৌশলী কালীগঞ্জ, লালমনিরহাট |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৩/০২/২০২৫

(মোছাঃ জাকিয়া সুলতানা)
প্রশাসক
উপজেলা পরিষদ
কালীগঞ্জ, লালমনিরহাট।

CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কালীগঞ্জ, লালমনিরহাট
www.kaliganj.lalmonirhat.gov.bd

০৩ আশ্বিন ১৪৩২

স্মারক নং: ০৫.৪৭.৫২৩৯.০০০.০০০.৩৫.০০০১.২৫.        তারিখ: ----------------------
৩০ সেপ্টেম্বর ২০২৫

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে):

০১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
০৩। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর।
০৪। জেলা প্রশাসক, লালমনিরহাট।
০৫। উপপরিচালক, স্থানীয় সরকার, লালমনিরহাট।
০৬। চেয়ারম্যান/প্যানেল চেয়ারম্যান ............................................................ইউ.পি, কালীগঞ্জ, লালমনিরহাট।
০৭। ...................................................................., কালীগঞ্জ, লালমনিরহাট।

৩০/০৯/২০২৫

(মোছাঃ জাকিয়া সুলতানা)
উপজেলা নির্বাহী অফিসার
কালীগঞ্জ, লালমনিরহাট।
মোবাইল: ০১৭৩৩৩০০২১৩
kaliganj.lalmonirhat@mopa.gov.bd

CamScanner

পরিশিষ্ট-ক

**সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা**

| ক্রম | বিভাগীয় কর্মকর্তাবৃন্দ | ক্রম | নির্বাচিত জনপ্রতিনিধিবৃন্দ |
|---|---|---|---|
| ০১ | উপজেলা নির্বাহী অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট | ০১ | চেয়ারম্যান, ১নং ভোটমারী ইউনিয়ন পরিষদ, কালীগঞ্জ |
| ০২ | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট | ০২ | চেয়ারম্যান, ২নং মদাতী ইউনিয়ন পরিষদ, কালীগঞ্জ |
| ০৩ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, কালীগঞ্জ, লালমনিরহাট | ০৩ | প্যানেল চেয়ারম্যান, ৩নং তুষভান্ডার ইউনিয়ন পরিষদ, কালীগঞ্জ |
| ০৪ | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, কালীগঞ্জ, লালমনিরহাট | ০৪ | চেয়ারম্যান, ৪ নং দলগ্রাম ইউনিয়ন পরিষদ, কালীগঞ্জ |
| ০৫ | উপজেলা কৃষি অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট | ০৫ | চেয়ারম্যান, ৫নং চন্দ্রপুর ইউনিয়ন পরিষদ, কালীগঞ্জ |
| ০৬ | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, কালীগঞ্জ, লালমনিরহাট | ০৬ | প্যানেল চেয়ারম্যান, ৬নংগোড়ল ইউনিয়ন পরিষদ, কালীগঞ্জ |
| ০৭ | উপজেলা প্রকৌশলী, (এলজিইডি), কালীগঞ্জ, লালমনিরহাট | ০৭ | প্যানেল চেয়ারম্যান, ৭নং চলবলা ইউনিয়ন পরিষদ, কালীগঞ্জ |
| ০৮ | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট | ০৮ | প্যানেল চেয়ারম্যান, ৮নং কাকিনা ইউনিয়ন পরিষদ, কালীগঞ্জ |
| ০৯ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট | | |
| ১০ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, কালীগঞ্জ, লালমনিরহাট | | |
| ১১ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, কালীগঞ্জ, লালমনিরহাট | | |
| ১২ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকতা, কালীগঞ্জ, লালমনিরহাট | | |
| ১৩ | উপজেলা সমবায় অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট | | |
| ১৪ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, কালীগঞ্জ, লালমনিরহাট | | |
| ১৫ | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), কালীগঞ্জ, লালমনিরহাট | | |
| ১৬ | ফরেস্টার, উপজেলা বনায়ন ও নার্সারী কেন্দ্র কালীগঞ্জ | | |

**সভায় অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা**

| ক্রম | বিভাগীয় কর্মকর্তাবৃন্দ | ক্রম | নির্বাচিত জনপ্রতিনিধিবৃন্দ |
|---|---|---|---|
| ০১ | উপজেলা যুব উন্নয়ন অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট | ০১ | |
| ০২ | | ০২ | |

CamScanner